

💵 কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায়: আরকানুল ঈমান রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৪. ৪. ৭. সকল নবী-রাসূলের দাও আত এক

নবী রাসূলদের বিষয়ে কুরআন কারীমের বিবরণের আলোকে আমরা বুঝতে পারি যে, তাঁদের সকলের দা'ওয়াত এর বিষয় মূলত: এক ছিল। তাঁরা সবাই মানুষদেরকে তাওহীদ বা একমাত্র আল্লাহর ইবাদত করতে আহবান করেছেন এবং আল্লাহ ছাড়া অন্য কারো ইবাদত করতে নিষেধ করছেন। মানুষদেরকে দুনিয়ার জীবনে আল্লাহর শিখানো পথে চলতে এবং সকল মানুষের জন্য কল্যাণময় সামাজিক জীবনে বাস করতে পথ নির্দেশ দিয়েছেন। যে কর্ম বা আচরণ মানুষের অকল্যাণ করে বা মানুষের কাছে তার মহান স্রষ্টার সম্পর্কে ক্ষতি করে তা থেকে তারা মানুষদের কে নিষেধ করেছেন। তাদের মূল দাওয়াত ও ধর্ম ছিল এক ও অভিন্ন ইসলাম, তবে তাদের বিস্তারিত শরীয়াত বা বিধানাবলী ছিল যুগ ও সমাজ অনুযায়ী ভিন্ন ভিন্ন। মানুষদেরকে কল্যাণের পথে আহবান করা, পথের নির্দেশ দেওয়াই ছিল তাদের দায়িত্ব। তাদের আহবানে সাড়া দেওয়া বা না দেওয়া ছিল মানুষের এখতিয়ার।[1]

ফুটনোট

[1] দেখুন: সূরা আনআম: ৪৮-৪৯, আম্বিয়া: ২৫, শুরা: ১৩, নাহল: ৩৬ আয়াত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13663

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন